

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯৪১

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ প্রতিপালকের কাছে হেদায়েত, নিরাপত্তা, তাঁর বেলায়েত (নৈকট্য, বন্ধুত্ব) কামনা করার নির্দেশ

ذَكَرُ الْأَمْرِ بِسُؤَالِ الْعَبْدِ رَبَّهُ جَلَّ وَعَلَا الْهِدَايَةَ وَالْعَافِيَةَ وَالْوَلَايَةَ فِيمَنْ رَزَقَ إِيَّاهَا

আরবী

941 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ قَالَ: سَمِعْتُ بُرَيْدَ بْنَ أَبِي مَرْيَمٍ يُحَدِّثُ عَنْ أَبِي الْحَوْرَاءِ السَّعْدِيِّ قَالَ: قُلْتُ لِلْحَسَنِ بْنِ عَلِيٍّ: مَا تَذْكُرُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَ: أَذْكُرُ أَنِّي أَخَذْتُ تَمْرَةً مِنْ تَمْرِ الصَّدَقَةِ فَجَعَلْتُهَا فِي فِيٍّ فَانْتَزَعَهَا بِلُعَابِهَا فَطَرَحَهَا فِي التَّمْرِ وَكَانَ يُعَلِّمُنَا هَذَا الدُّعَاءَ: (اللَّهُمَّ اهْدِنِي فِيمَنْ هَدَيْتَ وَعَافِنِي فِيمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِي فِيمَنْ تَوَلَّيْتَ وَبَارِكْ لِي فِيمَا أَعْطَيْتَ وَقِنِي شَرَّ مَا قَضَيْتَ إِنَّكَ تَقْضِي وَلَا يُقْضَى عَلَيْكَ إِنَّهُ لَا يَذِلُّ مَنْ وَالَيْتَ) قَالَ شُعْبَةُ: وَأُظْنَهُ قَالَ: (تَبَارَكَ وَتَعَالَى).

الراوي : أَبُو الْحَوْرَاءِ السَّعْدِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 941 | خلاصة حكم المحدث: صحيح -

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: أَبُو الْحَوْرَاءِ رِبِيعَةُ بْنُ شَيْبَانَ السَّعْدِيُّ وَأَبُو الْجَوَّاءِ اسْمُهُ: أَوْسُ بْنُ عَبْدِ اللَّهِ وَهُمَا جَمِيعًا تَابِعِيَانِ بَصْرِيَانِ.

বাংলা

৯৪১. আবুল হাওরা আস সা'দী থেকে বর্ণিত, তিনি বলেন, আমি হাসান বিন আলী রাঈয়াল্লাহু আনহুকে বললাম, আপনার নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে কী মনে আছে?" জবাবে তিনি বলেন, “আমার মনে আছে, আমি একবার সাদাকার খেজুর থেকে একটি খেজুর নিয়ে আমার মুখে দিয়েছিলাম। অতঃপর তিনি মুখের লালাসহ মুখ থেকে খেজুর বের করে সাদাকার খেজুরের মাঝে রেখে দেন। তিনি আমাদেরকে এই দু'আ শিখাতেন, اللَّهُمَّ اهْدِنِي فِيمَنْ هَدَيْتَ وَعَافِنِي فِيمَنْ عَافَيْتَ وَتَوَلَّنِي فِيمَنْ تَوَلَّيْتَ وَبَارِكْ لِي فِيمَا أَعْطَيْتَ وَقِنِي شَرَّ مَا قَضَيْتَ إِنَّكَ

تَقْضِي وَلَا يُقْضَى عَلَيْكَ إِنَّهُ لَا يَذِلُّ مَنْ وَالَيْتَ (হে আল্লাহ, আপনি আমাকে হেদায়েত দান করুন তাদের মাঝে যাদেরকে আপনি হেদায়েত দান করেছেন, আমাকে সুস্থতা ও নিরাপত্তা দান করুন, তাদের মাঝে যাদের আপনি নিরাপত্তা দান করেছেন, আপনি আমাকে যা দান করেছেন, তাতে বারাকাহ দিন, আপনি যা ফায়সালা করেছেন তার অনিষ্টতা থেকে আমাকে রক্ষা করুন। নিশ্চয়ই আপনি ফায়সালা করেন, আপনার উপর কোন ফায়সালা করা হয় না, আপনি যাকে বন্ধু হিসেবে গ্রহণ করেন, তাকে কেউ পথভ্রষ্ট করতে পারে না।)

ইমাম শু'বা রহিমাহুল্লাহ বলেন, “আমার ধারণা তিনি আরো বলেছেন, تَبَارَكَ وَتَعَالَى (আপনি বরকতময় এবং সুমহান।)”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আবুল হাওরা হলেন রবী'আহ বিন শাইবান আস সা'দী, আর আবুল জাওয়ার নাম হলো আওস বিন আব্দুল্লাহ। তাঁরা দুই জনেই বসরার অধিবাসী এবং তাবে'ঈ।”

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২০০; আত তায়ালিসী: ১১৭৭; আদ দারেমী: ১/৩৭৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৯৮৪; আত তাবারানী: ২৭১১; আবু দাউদ: ১৪২৫; তিরমিযী: ৪৬৪; নাসাঈ: ৩/২৪৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৪০; মুসান্নাফ ইবনু শায়বাহ: ২/৩০০; ইবনু মাজাহ: ১১৭৮; সুনান বাইহাকী: ২/২০৯; হাকিম: ৩/১৭২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আবু দাউদ: ১২৮১।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবুল হাওরা সাদী (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89446>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন